



# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

[www.dhakaeducationboard.gov.bd](http://www.dhakaeducationboard.gov.bd)

স্মারক নং-বিবিধ/১৭

তারিখ : ২৮/১০/২০২০

## জরুরি বিজ্ঞপ্তি

বিষয়ঃ ২০১৯-২০ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তিকৃত (এইচএসসি ২০২১ সালের পরীক্ষার্থী) শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন সম্পন্নকরণের লক্ষ্যে eSIF অনলাইনে পূরণের সর্বশেষ সুযোগ প্রদান প্রসঙ্গে।

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, শিক্ষার্থী এবং বিভিন্ন কলেজের অধ্যক্ষের আবেদনের প্রেক্ষিতে ২০১৯-২০ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তিকৃত (এইচএসসি ২০২১ সালের পরীক্ষার্থী) যে সকল শিক্ষার্থী অদ্যবধি রেজিস্ট্রেশন সম্পন্ন করতে ব্যর্থ হয়েছে শুধুমাত্র সে সকল শিক্ষার্থীদের সর্বশেষ সুযোগ হিসেবে আগামী ০১/১১/২০২০ তারিখ থেকে ০৯/১১/২০২০ তারিখের মধ্যে eSIF অনলাইনে পূরণ করে রেজিস্ট্রেশন সম্পন্ন করার জন্য অনুরোধ করা হলো।

\*\*\* প্রসঙ্গত উল্লেখ্য যে, উল্লেখিত সময়ের মধ্যে রেজিস্ট্রেশন প্রক্রিয়া সম্পন্ন করতে ব্যর্থ হলে উদ্ভূত জটিলতার জন্য সংশ্লিষ্ট কলেজ কর্তৃপক্ষ দায়ী থাকবেন।

চেয়ারম্যানের আদেশক্রমে,

২৮/১০/২০২০

প্রফেসর ড. মোঃ হারুন-অর-রশিদ

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

ফোন : ৫৮৬১২৪৭৬

অধ্যক্ষ/ অধ্যক্ষ(ভারপ্রাপ্ত)/প্রধান শিক্ষক/প্রধান শিক্ষক(ভারপ্রাপ্ত),  
অত্র বোর্ডের আওতাধীন সকল উচ্চমাধ্যমিক বিদ্যালয় ও কলেজ।

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিত হল:

- ১। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ২। অফিস কপি।